148

দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ ...3-1 JUL 1996
পৃষ্ঠা 7 কলাম

# এসএসসি পরীক্ষার নূতন পদ্ধতি নিয়া বিভ্রান্তি

**রেজাউর রহমান** ॥ এসএসসি পরীক্ষার নূতন পদ্ধতি নিয়া বিভ্রান্তি দেখা দিয়াছে। শিক্ষা মন্ত্রণালয় হইতে সুস্পষ্ট ঘোষণা থাকা সত্ত্বেও ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় স্কুলের ছাত্র-ছাত্রীরা আন্দোলনে নামিয়াছে। শ্লোগান তুলিয়াছে—নূতন পদ্ধতি বাতিল করা হউক। প্রায় প্রতিদিনই ছাত্ররা রাস্তায় নামিয়া মিছিল, সমাবেশ করিতেছে। জনজীবন বিপর্যস্ত হইতেছে।

এসএসসি পরীক্ষার নূতন

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষায়

(১ম পৃঃ পর)

নিয়মে রহিয়াছে নির্ধারিত পাঁচশত প্রশ্নের প্রশ্ন ব্যাংক আর থাকিবে না। সকল বিষয়ের ক্ষেত্রে সমগ্র বই হইতে প্রশ্ন করা হইবে। নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের উভয় ক্ষেত্রেই পৃথকভাবে পাস নম্বর অর্জন করিতে হইবে। ইতিপূর্বে নিয়ম ছিল—প্রশ্ন ব্যাংকের নির্ধারিত পাঁচশত প্রশ্ন হইতে প্রশ্ন করা হইবে। নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের ক্ষেত্রে দুই বিষয়ে একত্রে পাস নম্বর তুলিতে হইবে। পূর্বের এই নিয়মে ৩ বছর পরীক্ষা চলিয়াছে। নূতন নিয়ম চালু হওয়ায় বিভিন্ন স্কুল হইতে আন্দোলন শুরু হইয়াছে, সমস্যা দিনে দিনে বৃদ্ধি পাইতেছে।

একটি সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয় ঘোষিত নূতন নিয়ম বিভিন্ন মহলে প্রশংসিত হওয়া সত্ত্বেও স্কুল হইতে এই ব্যাপারে তেমন সহযোগিতা পাওয়া যাইতেছে না। স্কুলের ছেলেরা রাস্তায় নামিয়াছে অথচ শিক্ষক-অভিভাবকবৃন্দ নীরব দর্শকের ভূমিকায় রহিয়াছেন।

ছেলে কি কারনে রাস্তায় নামিয়াছে এই ব্যাপারে অনেক অভিভাবকও তলাইয়া দেখিতেছেন না। ছাত্র সংগঠনগুলির মধ্যেও এই ব্যাপারে সুস্পষ্ট কোন বক্তব্য নাই। নাম প্রকাশে অনিচ্ছুক একজন ছাত্র নেতা বলিলেন, ছাত্রদের বর্তমান দাবী মানিয়া নেওয়া যায় না। তবে আমরা মনে করি পরীক্ষা পদ্ধতি '৯০ এর পূর্বের নিয়মে বহাল থাকা উচিত। শিক্ষা মন্ত্রণালয় এই ব্যাপারে বক্তব্য প্রদানের জন্য আগামীকাল এক সাংবাদিক সম্মেলন আহ্বান করিয়াছে। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখিবেন। একটি সূত্রের মতে, বর্তমান পদ্ধতি বহাল রাখার পক্ষেই মন্ত্রীর পক্ষ হইতে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা চাওয়া হইবে।

উল্লেখ্য, এস এস সি পরীক্ষার বর্তমান নিয়ম বাতিলের দাবীতে গতকালও (রবিবার) নগরীতে একদল স্কুলের ছাত্র বিক্ষোভ মিছিল বাহির করে। রামপুরা এলাকায় এই মিছিল চলাকালে ছাত্ররা ১২/১৩টি গাড়ী ভাঙ্গচুর করে।

ইহাছাড়া এস এস সি পরীক্ষায় পূর্বের পদ্ধতি বহাল রাখার দাবীতে ছাত্ররা বিভিন্ন স্থানে বিক্ষোভ প্রদর্শদ করিয়াছে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতারা জানান ঃবরিশাল ॥ বরগুনায় রবিবার অর্ধদিবস হরতাল পালনকালে ১০টি গাড়ী ভাংচুর হয়। পুলিশের লাঠিচার্জে আহত হয় ৪জন ছাত্র। কাউখালীতে শনিবার আংশিক হরতাল পালিত হয়।

বরগুনা ॥ শহরে হরতাল পালন কালে ছাত্ররা বিভিন্ন সড়কে ব্যারিকেড সৃষ্টি করে। তাহারা জাহিদ চত্বরে সমবেত হইলে পুলিশ লাঠিচার্জ করে। এ খবরে কয়েক শত ছাত্র বালিকা বিদ্যালয়ের নিকট একটি ঔষধ কোম্পানীর গাড়ী এবং বাসষ্টেশনে ৯টি বাস ভাংচুর করে। পুলিশ ছিল নীরব। একটি হাতবোমা ফাটানো হয়।

পটুয়াখালী ॥ ছাত্ররা মিছিল করিয়া জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করে। পাথরঘাটায় আজ সোমবার অর্ধদিবস হরতাল আহ্বান করা হইয়াছে। গতকাল বিক্ষোভ মিছিল বাহির হয়।

খুলনা ॥ ছাত্ররা গতকাল মিছিল বাহির করে এবং রূপসা, ফেরিঘাট, ফুলবাড়ী এবং যশোর সড়কে বেশ কিছু গাড়ী ভাংচুর করে। ফুলবাড়ী এলাকায় ছাত্রদের সাথে পরিবহন শ্রমিকদের সংঘর্ষ বাধিয়া যায়। শ্রমিকরা ব্যারিকেড দিয়া সড়ক বন্ধ করিয়া দেয়। সংঘর্ষে উভয় পক্ষের ৮/১০ জন আহত হয়। দুপুর আড়াইটা পর্যন্ত বাস চলাচল বন্ধ ছিল। খুলনায় গাড়ী ভাংচুরকালে পুলিশ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্য মৃদু লাঠিচার্জ করে এবং ১৬ জন ছাত্রকে আটক করে।

খাগড়াছড়ি সংবাদদাতা ॥ রবিবার পানছড়ি, মহালছড়ি ও মানিকছড়ি থানা সদরে ছাত্ররা মিছিল বাহির করে। মিছিলকারীরা সংশ্লিষ্ট টিএনও'র মাধ্যমে শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করে। মুন্সীগঞ্জ ছাত্ররা রবিবার মিছিল করিয়া কোর্ট এলাকায় অগ্রসর হইলে পুলিশ মিছিল ছত্রভঙ্গ করিয়া দেয়। লৌহজংয়ে ছাত্ররা গতকাল ৩টি মিনিবাস, ৩টি ট্রাক, স্বাস্থ্য কমপ্লেক্স, সোনালী ব্যাংক, কৃষি ব্যাঙ্ক ভাংচুর করে। পুলিশ ১২ জন ছাত্রকে আটক করে।

টেকেরহাট (মাদারীপুর) ॥ শনিবার কয়েকটি স্কুলের ছাত্ররা রাজৈর থানা সদরে বিক্ষোভ মিছিল বাহির করে। তাহারা দুইটি বাস ও টি,এন, ও-র বাসার কাঁচ ভাংচুর করে। দুই দফা পুলিশ-ছাত্র সংঘর্ষে দুইজন পুলিশ ও ৭ জন ছাত্র আহত হয়। আহত পুলিশদের রাজৈর হাসপাতালে ভর্তি করা হয়।

রূপগঞ্জ ॥ ছাত্ররা ঢাকা-সিলেট মহাসড়ক অবরোধ এবং কয়েকটি যানবাহন ভাংচুর করে। পুলিশের প্রহারে ছাত্ররা ছত্রভঙ্গ হইয়া যায়। ছাত্রনেতারা ৪ জন ছাত্র আহত হওয়ার কথা জানায়। পুলিশ ছাত্রদের প্রহারের কথা অস্বীকার করিয়াছে।

রামগঞ্জ (লক্ষ্মীপুর) ॥ ছাত্ররা রবিবার মিছিল এবং রামগঞ্জ-লক্ষ্মীপুর, রামগঞ্জ-চৌমুহনী সড়ক অবরোধ করে। তাহারা ৩টি গাড়ী এবং কয়েকটি অফিসের দরজা-জানালা ভাংচুর করে। একজন বাস ড্রাইভার, ২ জন বাস যাত্রী ও একজন ছাত্র আহত হয়। ছাত্ররা আজ সোমবার রামগঞ্জে সকাল ৯টা হইতে ৩টা পর্যন্ত হরতাল আহ্বান করিয়াছে।

পটুয়াখালী ॥ রবিবার ছাত্ররা মিছিল বাহির করে এবং জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করে।

বান্দরবান ॥ শনিবার স্কুল ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল বাহির করে। তাহারা প্রেস ক্লাব চত্বরে সমাবেশ এবং জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করে।

বরগুনা (উঃ) ॥ রবিবার ছাত্রদের আহ্বানে অর্ধ দিবস হরতাল পালিত হয়। কয়েক হাজার ছাত্র শহরে মিছিল করে। পুলিশ লাঠিচার্জ করিলে ৪ জন ছাত্র আহত হয়। গুরুতর আহত মাসুদকে হাসপাতালে ভর্তি করা হইয়াছে। পরে বিক্ষুব্ধ ছাত্ররা একটি ঔষধ কোম্পানীর মাইক্রোবাস, ৭টি বাস ও কয়েকটি দোকান এবং রিকশা ভাংচুর করে।